147

ভোরের কাগজ

তারিখ ... 13 NOV 1998 ...
পৃঃ ৮২ ... কলাম ... ৭ ...

## ঢা.বিতে শিক্ষক প্রতিনিধি নির্বাচন

# নীল প্যানেলের জয় ৮টিতে সাদা পেয়েছে ৫টি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট, একাডেমিক পরিষদ ও ফাইন্যান্স কমিটিতে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে ১৩টি পদের মধ্যে ৮টিতে আওয়ামী লীগ সমর্থিত নীল প্যানেল এবং ৫টিতে বিএনপি ও জামাত সমর্থিত সাদা প্যানেল বিজয়ী হয়েছে। গোলাপী দলের কোনো প্রতিনিধি নির্বাচিত হয়নি।

**নির্বাচনে নীল দলের বিজয়ী প্রার্থীরা হলেন :** সিন্ডিকেটে কাজী শহীদুল্লাহ (৫২২ ভোট), সহযোগী অধ্যাপক সহিদ আক্তার হুসাইন (৪২৩ ভোট), সহকারী অধ্যাপক কাজী আফরোজ জাহান আরা (৪৩১ ভোট)। একাডেমিক কাউন্সিলে সহযোগী অধ্যাপক অমল কৃষ্ণ হালদার (৪৬১ ভোট), সহযোগী অধ্যাপক এ কে এম সাইফুল মজিদ (৪৪০ ভোট), সহকারী অধ্যাপক এমরান কবির চৌধুরী (৪৭০ ভোট), শাকিলা ফাহমিদা রহমান (৪৮৪ ভোট)। ফাইন্যান্স কমিটিতে নির্বাচিত হয়েছেন অধ্যাপক ইফতেখার গণি চৌধুরী (৪৬৯ ভোট)।

**সাদা দলের নির্বাচিত প্রার্থিরা হলেন :** সিন্ডিকেটে সূর্যসেন হলের প্রভোস্ট অধ্যাপক ইউসুফ হায়দার (৪৯৪ ভোট), অধ্যাপক আব্দুল মমিন চৌধুরী (৪৪৫ ভোট), মোঃ মহব্বত আলী (৪৭২ ভোট)। একাডেমিক কাউন্সিলে সহযোগী অধ্যাপক মাসুদা এম রশীদ চৌধুরী (৫২০ ভোট), সহকারী অধ্যাপক মোঃ লুৎফর রহমান (৪৬৩ ভোট), নির্বাচনে কলা অনুষদের ডিন অধ্যাপক কাজী শহীদুল্লাহ সর্বাধিক ভোট পেয়েছেন।

এর আগে ১৯৯৬ সালে অনুষ্ঠিত সিন্ডিকেট, একাডেমিক পরিষদ, ফাইন্যান্স কমিটির নির্বাচনে একাডেমিক পরিষদের ১ জন ছাড়া অন্য ১২টি পদে নীল দল বিজয়ী হয়েছিল। অভ্যন্তরীণ কোন্দল ও শিক্ষকদের আঞ্চলিকতা প্রীতির কারণেই এবারের নির্বাচনে নীল দলের ফলাফল খারাপ হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। নির্বাচনের পরে তার প্রতিক্রিয়ায় নীল দল থেকে নির্বাচিত কলা অনুষদের ডিন কাজী শহীদুল্লাহ বলেন, 'বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা সাধারণত সব সময় একই ফলাফল দেখতে চান না'।

সাদা দলের নির্বাচিত সিন্ডিকেট সদস্য সূর্যসেন হলের প্রভোস্ট ও শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার বলেন, 'আমরা একেবারে শূন্য থেকে উঠে এসেছি। এবার বিশ্ববিদ্যালয় প্রশাসনের একতরফা সিদ্ধান্ত রোধ করার চেষ্টা করবো।'

প্রভাষক পদে নির্বাচিত সিন্ডিকেট সদস্য মোঃ মহব্বত আলী প্রতিক্রিয়ায় জানান, 'বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলো যেন নিরপেক্ষভাবে নেওয়া হয় সেদিকে লক্ষ্য রাখবো।'